



শিক্ষাঙ্গনে

প্রসঙ্গ : প্রাথমিক শিক্ষা

বিভিন্ন সমস্যায় জর্জরিত আজকের প্রাথমিক শিক্ষা। তার উপর অতিরিক্ত বই শুধু অভিভাবকের আর্থিক অপচয়ই নয়, শিশু মনে বিরূপ প্রতিক্রিয়ার সংস্কার করে। রূঢ় হলেও সত্য যে, বর্তমানে তৃতীয় শ্রেণীতে বোর্ড কর্তৃক পাঠ্য বই ৮টি। মফস্বল এলাকায় শিশুদের শিক্ষা যে কত ঝুঁকিপূর্ণ তা ভুক্তভোগিই জানেন। সফস্বলের ছেলে-মেয়েরা সাংসারিক কাজে সক্রিয় সহযোগিতা করে থাকে। এরই মধ্য দিয়ে লেখাপড়া চালাতে হয়। এমতাবস্থায় ৮টি বই কি অতিরিক্ত নয়? শুধু তাই নয়— আছে বই সংগ্রহের সমস্যা। এমনি ৮টি বই তার উপর বিভিন্ন স্কুলে বিভিন্ন লেখকের আরো তিন চারটি বই পাঠ্য আছে।

সব মিলে তৃতীয় শ্রেণীতে বইয়ের সংখ্যা দাঁড়ায় ১১টি। এই কি প্রাথমিক শিক্ষার নমুনা? প্রাথমিক শ্রেণীর প্রায় প্রত্যেক শ্রেণীতেই এই একই অবস্থা। বোর্ড থেকে বিনা মূল্যে যে বই সরবরাহ করা হয় তা ঠিক সময়ে ছাত্র-ছাত্রীদের হাতে এসে পৌঁছে না। যখনই পৌঁছে তা-ও ক্রাশের পুরো বই নয়— আংশিক। ফলে বিতরণ করতে গিয়ে শিক্ষকদের বিপাকে পড়তে হয়। বাকী বইয়ের জন্য অভিভাবকদের লাইব্রেরীর পেছনে ছুটতে হয়। বোর্ডের বই ছাড়া বিভিন্ন লেখকের যে তিন চারটি বই স্কুলে পড়ানো হয় তা বিভিন্ন স্কুলে বিভিন্ন লেখকের। উক্ত তিন চারটি বই সংগ্রহেও ভোগান্তির অন্ত নেই। অভিজ্ঞ মহলের ধারণা উক্ত তিন চারটি বই প্রকাশকের সাথে শিক্ষকের

যোগসূত্রে উপর নির্ভর করেই শিক্ষকগণ পাঠ্য করে থাকেন। যে বইয়ের প্রকাশকের সাথে যে শিক্ষকের যোগসূত্র গভীর সে শিক্ষক উক্ত পরকাশকের পুস্তকই নিজেদের স্কুলে পাঠ্য করে থাকেন। এখানে পুস্তকের মান গৌন। পুস্তক প্রকাশক ও শিক্ষকের সম্পর্কই মুখ্য। এর পর আসে নোট বই সমস্যা। যদিও নোট বই নিষিদ্ধ ঘোষিত তথাপি প্রায় স্কুলেই ছাত্র-ছাত্রীদের নোট বই নিয়ে ক্রাশ করতে দেখা যায়। কোন কোন শিক্ষক নোট বই সংগ্রহে ছাত্র-ছাত্রীদের উৎসাহ দিয়ে থাকেন। এমনকি নোট বই নিয়ে কোন কোন শিক্ষককে ক্রাশ করতেও দেখা যায়। তাই এ ব্যাপারে সংশ্লিষ্ট মহলের সুপারিশ : ১। বোর্ড থেকে বিনামূল্যে সরবরাহকৃত পুরো বই একই সময়ে সরবরাহ করা। কোন অবস্থাতেই যেন

আংশিক বই সরবরাহ করা না হয় এবং এ সরবরাহ যেন নতুন বর্ষের প্রারম্ভেই সমাপ্ত হয়।

(আংশিক ও বিলম্বের কারণে মাচের প্রথম দিকে এখনো অনেক বই স্কুলের লাইব্রেরীতে জুপিকৃত অবস্থায় পড়ে থাকতে দেখা যায়।)

২। ইংলিশ ফর টুডে ওয়ার্ক বুক, স্টুডেন্স ওয়ার্ড বুক ও প্রাইমারী ফাংশনাল ইংলিশ বই তিনটি একত্রিকরণ। পরিবেশ পরিচিতি সমাজ ও উক্ত বিজ্ঞান বই-এর একত্রিকরণ আমার বই ও চয়নিকা বই একত্রিকরণ। নোট বই প্রকাশক লেখক ও বিক্রেতার দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা এবং নোট বইয়ের অবস্থান সম্পর্কে সংবাদদাতাকে সরকারীভাবে পুরস্কারের ব্যবস্থাকরণ।

—মোঃ শফিকুল ইসলাম